

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৭৮

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ১১৪. যে লোক তার স্ত্রীর পশ্চাদ্ধারে সঙ্গম করে

بَابِ مَنْ أَتَى امْرَأَتَهُ فِي دُبُرِهَا

## আরবী

أَخْبَرَنَا الْمُعَلَّى بْنُ أَسَدِ حَدَّتَنَا عَبْدُ الْوَاحِدِ حَدَّتَنَا خُصَيْفٌ عَنْ مُجَاهِدِ قَالَ كَانُوا يَجْتَنِبُونَ النِّسَاءَ فِي الْمَحِيضِ وَيَأْتُونَهُنَّ فِي أَدْبَارِهِنَّ فَسَأَلُوا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ ذَلِكَ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى وَيَسْأَلُونَكَ عَنْ الْمَحِيضِ قُلْ هُوَ أَذًى فَاعْتَزِلُوا النِّسَاءَ فِي الْمَحِيضِ وَلَا تَقْرَبُوهُنَّ حَتَّى يَطْهُرْنَ فَإِذَا تَطَهَّرْنَ فَأْتُوهُنَّ مِنْ حَيْثُ أَمَرَكُمْ اللَّهُ فِي الْفَرْجِ وَلَا تَعْدُوهُ

## বাংলা

১১৭৮. মুজাহিদ রাহি. বলেন, তারা (লোকেরা) হায়িযের সময় নারীদের (যৌনাঙ্গে সঙ্গম করা)-কে পরিত্যাগ করতো, কিন্তু তখন তাদের পশ্চাদ্দার দিয়ে সঙ্গম করতো। তখন তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লামকে এ ব্যাপারে জিজ্ঞেস করলো, ফলে আল্লাহ তা'আলা এ আয়াত নাযিল করলেন: ["তারা তোমাকে (স্ত্রী লোকদের) হায়িয সম্পর্কে জিজ্ঞেস করছে; তুমি বলো, ওটা হচ্ছে কষ্টদায়ক অবস্থা। অতএব, হায়িয অবস্থায় স্ত্রীলোকদের থেকে (সঙ্গম না করে) বিরত থাক এবং উত্তমরূপে পবিত্র না হওয়া পর্যন্ত তোমরা তাদের নিকট যেওনা। অতঃপর যখন তারা উত্তমরূপে পবিত্র হবে, তখন তাদের নিকট গমণ করো, যেখান দিয়ে আল্লাহ তোমাদেরকে আদেশ করেছেন।" (সুরা বাকারা: ২২২)] (তা হলো) যৌনাঙ্গ, আর একে অতিক্রম করবে না।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান, খুযাইফের কারণে। তিনি ইবনু আব্দুর রহমান।

তাখরীজ: তাবারী, আত তাফসীর ২/৩৮১।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মুজাহিদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন